গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

এবং

সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ – জুন ৩০, ২০১৭

# সূচিপত্র

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন ১: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলী

সেকশন ২: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

**সংযোজনী ১**: **শব্দসংক্ষেপ** (Acronyms)

**সংযোজনী ২**: কর্মসম্পাদন সূচকসমূহ ,বাস্তবায়নকারী দপ্তরসংস্থা/সমূহ এবং পরিমাপ পদ্ধতি

**সংযোজনী ৩**: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা

## প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Directorate of Primary Education )
### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ**

সুদীর্ঘ মুক্তির সংগ্রাম এবং নয় মাস ব্যাপী মুক্তিযুদ্ধের মাধ্যমে স্বাধীনতা লাভের অব্যবহিত পরই স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রাথমিক শিক্ষার উপর সমধিক গুরুত্বারোপ করেন। প্রাথমিক শিক্ষার সার্বিক দায়িত্ব সাংবিধানিকভাবে রাষ্ট্রের উপর এবং তা বিবেচনায় প্রাথমিক শিক্ষাকে করা হয় অবৈতনিক ও বাধ্যতামূলক। যুদ্ধোত্তর বিধস্ত ও বিপর্যস্ত অর্থনৈতিক অবস্থার মধ্য দিয়েও জাতির পিতা ১৯৭৩ সনে একসঙ্গে দেশের প্রায় **৩৭ হাজার** প্রাথমিক বিদ্যালয়কে জাতীয়করণ করেন এবং সকল শিক্ষকের চাকুরি সরকারিকরণ করেন। জাতির পিতার সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১০ সনে জাতিকে উপহার দেন এক যুগান্তকারী শিক্ষা নীতি, যেখানে প্রাথমিক বিদ্যালয়ে সকল শিশুকে ভর্তি নিশ্চিতকরণসহ ঝরে পড়া রোধ ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করণের লক্ষ্যে সার্বিক গুরুত্ব প্রদান করা হয়। প্রাথমিক শিক্ষার গুরুত্ব উপলব্ধি করে জাতির পিতা বঙ্গবন্ধুর পদাঙ্ক অনুসরণ করে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বর্তমান সরকার ২০১৩ সালে পুনরায় **২৬,১৯৩**টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়কে জাতীয়করণ করেছে । এছাড়া, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদকে ২য় শ্রেণিতে উন্নীতকরণসহ সহকারি শিক্ষকদের বেতন স্কেল এক ধাপ উন্নীত করা হয়েছে। শিক্ষক: শিক্ষার্থী এবং শিক্ষার্থী:শ্রেণিকক্ষের অনুপাত হ্রাসকরণের লক্ষ্যে নতুন শিক্ষকের পদসৃষ্টিসহ ২২৯৭০ জন শিক্ষকের নিয়োগ প্রদান এবং ২২৮৪৩টি শ্রেণিকক্ষ নির্মাণ করা হয়েছে। শতভাগ ভর্তি নিশ্চিত করার লক্ষ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শিক্ষা চালু এবং ৩৭৬৭২ টি প্রাক-প্রাথমিক শিক্ষকের পদ সৃষ্টি করা হয়েছে । তন্মধ্যে ৩৫৬৭৫ জন শিক্ষক নিয়োগ করা হয়েছে। প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১ টি করে ৩৬৯৮৮ টি দপ্তরি কাম প্রহরী পদ সৃজন করা হয়েছে এবং পর্যায়ক্রমে উক্ত পদে আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগ দেয়া হচ্ছে। শিক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টির লক্ষ্যে ২৫৫৫২টি নলকূপ স্থাপন ও **১৩৮৮৩টি ওয়াশব্লক** নির্মাণ করা হয়েছে। ২০১৬ সালের ১ জানুয়ারি সকল শিক্ষার্থীর মধ্যে মানসম্মত ও আকর্ষণীয় পাঠ্যপুস্তক বিতরণ করা হয়েছে। এছাড়া, ঝরে পড়া রোধসহ প্রাথমিক শিক্ষাচক্র সম্পন্নের লক্ষ্যে ছাত্র-ছাত্রীদের শিক্ষা সহায়তা কার্যক্রমের আওতায় **১.৩০** কোটি শিক্ষার্থীকে উপবৃত্তি প্রদান করা হচ্ছে। উন্নয়ন পরিকল্পনা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে **৬৪২৯৭**টি প্রাথমিক বিদ্যালয়ে **"স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান"** বাস্তবায়নের জন্য বাৎসরিক **৪০ হাজার** টাকা করে প্রদান করা হচ্ছে। তাছাড়া, ২০০৯ থেকে নিয়মিতভাবে প্রাথমিক ও ইবতেদায়ী সমাপনী পরীক্ষা গ্রহণ করা হচ্ছে। শিক্ষার্থীদের মানসিক, শারীরিক ও নান্দনিক বিকাশের জন্য প্রতি বছর বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট এবং আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হচ্ছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ:**

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রধান প্রধান সমস্যা ও চ্যালেঞ্জ সমূহ হচ্ছে নতুন শিক্ষক নিয়োগ এবং নতুন ভবন/শ্রেণিকক্ষ নির্মাণ ও সংস্কারের মাধ্যমে শিক্ষক-শিক্ষার্থী এবং শ্রেণিকক্ষ-শিক্ষার্থীর কাঙ্ক্ষিত অনুপাত অর্জন নিশ্চিত করা। শিক্ষক কর্তৃক শ্রেণিকক্ষে গতানুগতিক পাঠদানের প্রবণতা পরিহার করে স্বপ্রনোদিত/উদ্ভাবনী পন্থার অনুসরণে অভ্যস্ত করা। মাঠ পর্যায়ের দপ্তরসমূহের শূন্য পদে কর্মকর্তা/কর্মচারি নিয়োগ দেয়া। শিক্ষার গুণগতমান বৃদ্ধি এবং একীভূত শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করা। জাতীয় শিক্ষানীতির ভিত্তিতে ৮ম শ্রেণি পর্যন্ত প্রাথমিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সকল শিক্ষার্থীর ছবিসহ আইডি কার্ড ও ডাটাবেজ প্রণয়নসহ প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনা এবং অবকাঠামো নির্মাণ ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণের পদক্ষেপ গ্রহণ করা হবে। জাতীয় শিক্ষানীতি বাস্তবায়নের লক্ষ্যে কারিকুলাম, শিক্ষক প্রশিক্ষণের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন ও ডিপ্লোমা-ইন-এডুকেশন প্রি-সার্ভিস প্রশিক্ষণে রূপান্তরের জন্য অনলাইন প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হবে। বিদ্যালয় পরিদর্শনে ই-মনিটরিং সিস্টেম চালু করা হবে। শিক্ষকদের অন লাইন ভিত্তিক বদলি কার্যক্রম চালু করা হবে। শিক্ষার্থীদের উপস্থিতি বায়োমেট্রিক পদ্ধতিতে সংরক্ষণ করা হবে।

### ২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- সর্বজনীন ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণের জন্য ৭০০০ শ্রেণিকক্ষ ,৯০০০ নলকূপ স্থাপন এবং ৪০০০ ওয়াশব্লক নির্মাণ;
- ০১ জানুয়ারি ২০১৭ তারিখের মধ্যে প্রাথমিক বিদ্যালয়ের সকল ছাত্রছাত্রীদের ম-াঝে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ করা;
- ১ কোটি ১৫ লক্ষ শিক্ষার্থীকে উপবৃত্তি প্রদান ও ৩২ লক্ষ শিক্ষার্থীকে স্কুল ফিডিং এর আওতায় আনয়ন;
- বিদ্যালয়বিহীন গ্রামে ১০০টি নতুন প্রাথমিক বিদ্যালয় নির্মাণ;
- প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়নে ১১টি পিটিআই নির্মাণ এবং কার্যক্রম চালুকরণ;
- সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২৯৯৭ জন প্রাকপ্রাথমিক শিক্ষক নিয়োগ-;

## উপক্রমণিকা

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং এর আওতাধীন দপ্তর/সংস্তাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসেবে সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

এবং

মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর মধ্যে ২০১৬ সালের ....................মাসের ...........তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলঃ

সেকশন ১:

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

## ১.১ রূপকল্প (Vision)

সকল শিশুর জন্য মানসম্মত প্রাথমিক শিক্ষা।

## ১.২ অভিলক্ষ (Mission)

প্রাথমিক শিক্ষার সুযোগ সম্প্রসারণ ও গুণগতমান উন্নয়নের মাধ্যমে সকল শিশুর জন্য একীভূত ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ।

## ১.৩ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives):

### ১.৩.১ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১) সর্বজনীন ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ;
২) মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ;
৩) প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনার উন্নয়ন (বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা)।

### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১) দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত;
২) দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;
৩) তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার;
৪) কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন;
৫) কর্ম পরিবেশ উন্নয়ন;
৬) আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

## ১.৪ কার্যাবলি: (Functions)

১. প্রাথমিক শিক্ষা সংক্রান্ত নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন;
২. প্রাথমিক শিক্ষা স্তরের শিক্ষাক্রম উন্নয়ন/পরিমার্জন;
৩. প্রাথমিক শিক্ষা স্তরের পাঠ্যবইয়ের পাঠ্যসূচি/পাঠ্যক্রম (Curriculum) তৈরি, মুদ্রণ ও বিতরণ;
৪. প্রাথমিক শিক্ষা সংক্রান্ত গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম।

## সেকশন ২

### চূড়ান্ত ফলাফল/প্রভাব ২ (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৬-১৭ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬* | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| মোট শিশু ভর্তির হার | মোট শিশু ভর্তি (Gross enrollment) | % | ১০৮.৪০ | ১০৮.৪০ | ১০৭.০০ | ১০৬.০০ | ১০৪.০০ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট |
| প্রকৃত শিশু ভর্তির হার | প্রকৃত শিশু ভর্তি (Net enrollment) | % | ৯৭.৭০ | ৯৭.৯০ | ৯৭.৯৫ | ৯৮.০০ | ৯৮.৫০ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট |
| উপস্থিতির হার | উপস্থিতি | % | ৮৬.৭০ | ৮৬.৯০ | ৮৭.০০ | ৮৭.১০ | ৮৭.২০ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট |
| প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় পাশের হার | প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় পাশ | % | ৯৭.৯৩ | ৯৮.৫২ | ৯৮.৭০ | ৯৮.৯০ | ৯৯.০০ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট |
| ছাত্র-শিক্ষক অনুপাত | ছাত্র শিক্ষক অনুপাত | অনুপাত | ১:৪০ | ১:৪২ | ১:৪২ | ১:৪২ | ১:৪২ | জনপ্রশাসন ও অর্থ মন্ত্রণালয় | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট |

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন* | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭ (Target /Criteria Value for FY 2016-17) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৭-১৮ | প্রক্ষে (Projec ২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **মন্ত্রণালয়/ বিভাগের** কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] সর্বজনীন ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ | ৪১ | [১.১] শ্রেণিকক্ষ নির্মাণ | [১.১.১] নির্মিত শ্রেণিকক্ষ | সংখ্যা | ৬.০০ | ৯৮৫০ | ৬০০০ | ৭০০০ | ৬৮০০ | ৬৬০০ | ৬৪০০ | ৬০০০ | ৭৫০০ | ৮০ |
| | | [১.২] নলকূপ স্থাপন | [১.২.১] স্থাপিত নলকূপ | সংখ্যা | ৬.০০ | ৯৮১৯ | ৬৪২৩ | ৯০০০ | ৮৮০০ | ৮৬০০ | ৮৪০০ | ৮০০০ | ৯০০০ | ৯০ |
| | | [১.৩] শিক্ষার্থী ও শিক্ষকদের জন্য ওয়াশব্লক নির্মাণ | [১.৩.১] নির্মিত ওয়াশব্লক | সংখ্যা | ৫.০০ | ৭৭৪৮ | ৯০০০ | ৪০০০ | ৩৮০০ | ৩৬০০ | ৩৪০০ | ৩০০০ | ৪০০০ | ৫০ |
| | | [১.৪] দরিদ্র শিক্ষার্থীদের জন্য উপবৃত্তি কার্যক্রম | [১.৪.১] উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রী | % | ৫.০০ | - | - | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | |
| | | [১.৫]নির্ধারিত সময়ে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ। | [১.৫.১] বিতরণকৃত পাঠ্যপুস্তক | তারিখ | ৫.০০ | - | ৩১.০১. ২০১৬ | ০১.০১. ২০১৭ | ১০.০১. ২০১৭ | ২০.০১. ২০১৭ | ৩০.০১. ২০১৭ | ১০.০২. ২০১৭ | ০১.০১. ২০১৮ | |
| | | [১.৬] দারিদ্র্যপীড়িত এলাকায় স্কুল ফিডিং কার্যক্রম | [১.৬.১] উপকার ভোগী শিক্ষার্থী | সংখ্যা (লক্ষ) | ৪.০০ | ৩২.০০ | ৩২.০০ | ৩০.০০ | ২৯.৫০ | ২৯.০০ | ২৮.৫০ | ২৮.০০ | ৩১.০০ | ৩ |
| | | [১.৭]বিদ্যালয়ের রুটিন মেরামত ও রক্ষণাবেক্ষণ | [১.৭.১] মেরামতকৃত বিদ্যালয় | সংখ্যা | ৩.০০ | ১৫০০০ | ৫৫০০০ | ১৫০০০ | ১৪০০০ | ১৩০০০ | ১২০০০ | ১১০০০ | ১২০০০ | ১০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন* | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭ (Target /Criteria Value for FY 2016-17) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৭-১৮ | প্র (Pro ২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | |
| | | [১.৮] সকল প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণি চালুকরণ। | [১.৮.১] আওতাভুক্ত বিদ্যালয় | সংখ্যা (ক্রমপুঞ্জীভূত) | ২.০০ | ৪১৭০০ | ৫৫০০০ | ৬৩০০০ | ৬২০০০ | ৬১০০০ | ৬০০০০ | ৫৯০০০ | ৬৩৫০০ | ৬ |
| | | [১.৯]বিদ্যালয়বিহীন গ্রামে নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপন। | [১.৯.১] নতুন স্থাপিত প্রাথমিক বিদ্যালয় | সংখ্যা | ২.০০ | ২৩৫ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | |
| | | [১.১০] প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ। | [১.১০.১] নিয়োগ প্রাপ্ত শিক্ষক | সংখ্যা | ২.০০ | ৬৯৩৩ | ১৩৯৭৪ | ১১০০০ | ১০৫০০ | ১০০০০ | ৯৫০০ | ৯০০০ | ১০৫০০ | ১ |
| | | [১.১১] ঝরে পড়া রোধে সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষা ভাতা ও বৃত্তি প্রদান (রস্ক)। | [১.১১.১] উপকার ভোগী শিক্ষার্থী | সংখ্যা (লক্ষ) | ১.০০ | ৩.১২ | ৩.৩০ | ৩.০০ | ২.৯০ | ২.৮০ | ২.৭০ | ২.৬০ | ৩.৩০ | |
| [২] মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ | ২৬ | [২.১] ৫ম শ্রেণির সমাপনী পরীক্ষা গ্রহণ। | [২.১.১] নির্ধারিত তারিখে পরীক্ষা সম্পন্ন | তারিখ | ৭.০০ | ৩০.১২. ২০১৪ | ৩১.১২. ২০১৫ | ৩১.১২. ২০১৬ | ০৫.০১. ২০১৭ | ১০.০১. ২০১৭ | ১৫.০১. ২০১৭ | ২০.০১. ২০১৭ | ৩১.০১. ২০১৭ | |
| | | [২.২] প্রাথমিক শিক্ষা সমাপণী পরীক্ষায় যোগ্যতাভিত্তিক প্রশ্নের প্রবর্তন | [২.২.১] যোগ্যতাভিত্তিক প্রশ্নের হার | % | ৭.০০ | ৩৫ | ৫০ | ৬৫ | ৬২ | ৫৯ | ৫৭ | ৫৫ | ৭০ | |
| | | [২.৩] শিক্ষকদের সি-ইন-এড এবং ডিপইনএড প্রশিক্ষণ প্রদান। | [২.৩.১] প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক | সংখ্যা | ৫.০০ | ৭৩৪৮ | ১০০০০ | ১০০০০ | ৯৬০০ | ৯০০০ | ৮৮০০ | ৮৬০০ | ১০০০০ | ১ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন* | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭ (Target /Criteria Value for FY 2016-17) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৭-১৮ | প্রক্ষে (Proje ২০১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১( |
| | | [২.৪] প্রাথমিক শিক্ষায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তিভিত্তিক শিক্ষা ব্যবস্থা প্রচলন। | [২.৪.১] ক্রয়কৃত আইসিটি যন্ত্রপাতির সেট | সংখ্যা | ৫.০০ | ৩৯৩০ | ১৭১৮৪ | ১৫০০০ | ১৪৫০০ | ১৪০০০ | ১৩৫০০ | ১৩০০০ | ১৬০০০ | ১৬( |
| | | [২.৫]প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়নে প্রশিক্ষণ অবকাঠামোর উন্নয়ন। | [২.৫.১] নির্মিত নতুন পিটিআই | সংখ্যা | ২.০০ | ০২ | ০৮ | ০১ | - | - | - | - | - | |
| [৩]প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনা উন্নয়ন | ১৩ | [৩.১] ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান বাস্তবায়ন (SLIP) | ]৩ [১.১.স্লিপ ফান্ড প্রাপ্ত বিদ্যালয় | সংখ্যা | ৬.০০ | ৪৭২৪৭ | ৬৩৬৯১ | ৬৩৮০০ | ৬৩৫০০ | ৬৩৩০০ | ৬৩১০০ | ৬৩০০০ | ৬৪০০০ | ৬৪১ |
| | | [৩.২] প্রধান শিক্ষকদের লীডারশীপ প্রশিক্ষণ প্রদান। | [৩.২.১] প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক সংখ্যা | সংখ্যা | ৬.০০ | ২৫০৭৫ | ২৩০০০ | ৭০০০ | ৬৮০০ | ৬৬০০ | ৬৩০০ | ৬০০০ | - | |
| | | [৩.৩] উপজেলা ভিত্তিক ই-মনিটরিং সিস্টেম চালুকরণ | [৩.৩.১] চালুকৃত উপজেলা | সংখ্যা | ১.০০ | - | - | ৪০ | ৩৮ | ৩৬ | ৩৩ | ৩০ | ৫০ | ( |

| বাধ্যতামূলক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭ (Target /Criteria Value for FY 2016-17) | | | | |
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি ম… নি… |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০… |
| [১]দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৬ | [১.১]২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ১.০০ | ১৫ -০৫-২০১৬ | ১৬-০৫-২০১৬ | ১৭-০৫-২০১৬ | ১৮-০৫-২০১৬ | ১৯-০৫-… |
| | | [১.২] ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | ১৪-০৮-২০১৬ | ১৬-০৮-২০১৬ | ১৭-০৮-২০১৬ | ১৮-০৮-২০১৬ | ২১-০৮-… |
| | | [১.৩] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | ৪ | ৩ | ২ | | |
| | | [১.৪] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | ৩১-০১-২০১৭ | ০১-০২-২০১৭ | ০২-০২-২০১৭ | ০৫-০২-২০১৭ | ০৬-০২-… |
| | | [১.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [১.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | ৩০-০৬-২০১৬ | | | | |
| | | [১.৬] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৬.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ |
| [২] কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | [২.১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১.০০ | ২৮-০২-২০১৭ | ৩০-০৩-২০১৭ | ৩০-০৪-২০১৭ | ৩১-০৫-২০১৭ | ২৯-০৬-… |
| | | [২.২] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | [২.২.১] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১.০০ | ১০০ | ৯০ | ৮০ | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ার উদ্ভাবনী কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিক | তারিখ | ১.০০ | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-… |

| বাধ্যতামূলক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭ (Target /Criteria Value for FY 2016-17) | | | | |
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি নি |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০ |
| | | | সংখ্যক অনলাইন সেবা চালুর লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | | | | | | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিক সংখ্যক সেবাপ্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২ |
| | | [২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৪.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫ |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] প্রশিক্ষণের সময়* | জনঘণ্টা | ১.০০ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪ |
| | | [৩.২] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.২.১] ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১.০০ | ১৫-০৭-২০১৬ | ৩১-০৭-২০১৬ | | | |
| | | | [৩.২.২] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | ৪ | ৩ | ২ | | |
| [৪] কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | [৪.১] অফিস ভবন ও আঙিনা পরিচ্ছন্ন রাখা | [৪.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙিনা পরিচ্ছন্ন | তারিখ | ১.০০ | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | |
| | | [৪.২] সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | [৪.২.১] নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১.০০ | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | |
| | | [৪.৩] সেবার মান সম্পর্কে | [৪.৩.১] সেবার মান সম্পর্কে | তারিখ | ১.০০ | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | |

বাধ্যতামূলক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭ (Target /Criteria Value for FY 2016-17) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | সেবাগ্রহিতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবাগ্রহিতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | | | | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ |
| | | [৫.২] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.২.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫-১০-২০১৬ | ২৯-১০-২০১৬ | ১৫-১১-২০১৬ | ৩০-১১-২০১৬ | ১৫-১২-২০১ |
| [৬] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | [৬.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৬.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

আমি মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রীর প্রতিনিধি হিসাবে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট অধিদপ্তরকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২৭.৬.২০১৬

মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

তারিখ

২৭/৬/১৬

..................
সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

তারিখ

সংযোজনী-১

## শব্দসংক্ষেপ
## (Acronyms)

| ক্রমিক নং | আদ্যক্ষর | বর্ণনা |
|---|---|---|
| ১ | প্রাগম | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| ২ | প্রাশিঅ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |
| ৩ | নেপ | ন্যাশনাল একাডেমী ফর প্রাইমারি এডুকেশন |
| ৪ | বিএনএফই | ব্যুরো অব নন-ফরমাল এডুকেশন |
| ৫ | এডিপি | এ্যানুয়াল ডেভেলপমেন্ট প্রোগ্রাম |
| ৬ | এলজিইডি | লোকাল গভর্নমেন্ট ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট |
| ৭ | ডিপিএইচই | ডিপার্টমেন্ট অব পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং |
| ৮ | এনসিটিবি | ন্যাশনাল কারিকুলাম এ্যান্ড টেক্সট বুক বোর্ড |
| ৯ | আইইআর | ইনস্টিটিউট অব এডুকেশন এ্যান্ড রিসার্চ |
| ১০ | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অব স্ট্যাটিসটিকস |
| ১১ | রস্ক | রিচিং আউট অব স্কুল চিলড্রেন প্রকল্প |
| ১২ | পিইসিই | প্রাইমারি এডুকেশন কমপ্লিশন এক্সামিনেশন |
| ১৩ | ডিপ-ইন-এড | ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন |
| ১৪ | এপিএসসি | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস |
| ১৫ | পিটিআই | প্রাইমারি ট্রেনিং ইনস্টিটিউট |
| ১৬ | স্লিপ | স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এর বিবরণ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্র: নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধার মন্তব |
|---|---|---|---|---|---|---|
| ১ | [১.১] শ্রেণিকক্ষ নির্মাণ | [১.১.১] নির্মিত শ্রেণিকক্ষ | জরাজীর্ণ এবং জনাকীর্ণ বিদ্যালয় গুলিতে ৫০ জন শিক্ষার্থীকে একসঙ্গে পাঠদান করানো যায় এমন শ্রেণিকক্ষ নির্মাণ। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ২ | [১.২] নলকূপ স্থাপন | [১.২.১] স্থাপিত নলকূপ | প্রকৃত চাহিদার ভিত্তিতে বিশুদ্ধ এবং আর্সেনিকমুক্ত খাবার পানি সরবরাহের লক্ষ্যে গভীর/অগভীর এবং তারা পাম্প স্থাপন | জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তরের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তর ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ৩ | [১.৩] শিক্ষার্থী ও শিক্ষকদের জন্য ওয়াশব্লক নির্মাণ | [১.৩.১] নির্মিত ওয়াশব্লক | পিইডিপি ৩ এর আওতায় ৩টি টয়লেট, ২টি প্রশ্রাবখানা এবং হাত-পা ধোয়ার সুবিধা সংবলিত ওয়াশব্লক নির্মাণ। উল্লেখ্য প্রতি বিদ্যালয়ে ২টি ওয়াশব্লক (একটি ছাত্র ও পুরুষ শিক্ষকদের জন্য এবং অপরটি ছাত্রী ও মহিলা শিক্ষকদের জন্য) থাকবে। | জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তরের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তর ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ৪ | [১.৪] দরিদ্র শিক্ষার্থীদের জন্য উপবৃত্তি কার্যক্রম | [১.৪.১] উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রী | ভর্তির হার বৃদ্ধি এবং ঝরে পড়ার হার কমানোর লক্ষ্যে উপবৃত্তি প্রদান প্রকল্পের আওতায় গরীব পরিবারের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি প্রদান। | প্রকল্প পরিচালক উপবৃত্তি প্রদান প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রকল্প পরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | |
| ৫ | [১.৫]নির্ধারিত সময়ে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ। | [১.৫.১] বিতরণকৃত পাঠ্যপুস্তক | প্রতিবছর ৩১ ডিসেম্বরের মধ্যে ১ম শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত প্রতি শিক্ষার্থীর হাতে বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহ। | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ৬ | [১.৬] দারিদ্র্যপীড়িত এলাকায় স্কুল ফিডিং কার্যক্রম | [১.৬.১] উপকার ভোগী শিক্ষার্থী | ভর্তির হার বৃদ্ধি এবং ঝড়ে পরার হার কমানোর লক্ষ্যে প্রতি শিক্ষার্থীকে উচ্চ পুষ্টিমান সম্পন্ন ৭৫ গ্রাম বিস্কুট প্রদান। | প্রকল্প পরিচালক, স্কুল ফিডিং প্রোগ্রাম, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রকল্প পরিচালকের কার্যালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ৭ | [১.৭]বিদ্যালয়ের রুটিন মেরামত ও রক্ষণাবেক্ষণ | [১.৭.১] মেরামতকৃত বিদ্যালয় | পিইডিপি-৩ এর আওতায় চাহিদা মোতাবেক বড়/ছোট ধরনের মেরামত ও সংস্কার। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ৮ | [১.৮]সকল প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণি চালুকরণ। | [১.৮.১] আওতাভুক্ত বিদ্যালয় | দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ে ৫ বছর বয়সী শিশুদের কে প্রাক-প্রাথমিক শ্রেণিতে ভর্তি করা ও বছরব্যাপী শিক্ষা কার্যক্রম। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |

| ক্র: নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধার মন্তব্ |
|---|---|---|---|---|---|---|
| ৯ | [১.৯]বিদ্যালয়বিহীন গ্রামে নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপন। | [১.৯.১] নতুন স্থাপিত প্রাথমিক বিদ্যালয় | বিদ্যালয়বিহীন গ্রামে নতুন প্রাথমিক বিদ্যালয় (প্রতি বিদ্যালয়ে ৩ টি শ্রেণিকক্ষ এবং ১ টি শিক্ষক কক্ষ) স্থাপন। নতুন বিদ্যালয় স্থাপনের জন্য স্থায়ীভাবে ৩৩ শতাংশ জমি অনুদানের মাধ্যমে সংগ্রহ করা। | প্রকল্প পরিচালক, বিদ্যালয়বিহীন এলাকায় ১৫০০ বিদ্যালয় স্থাপন প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রকল্প পরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ১০ | [১.১০] প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ। | [১.১০.১] নিয়োগ প্রাপ্ত শিক্ষক | প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য, নতুন জাতীয়করণকৃত বিদ্যালয়সমূহের জন্য এবং পেনশন জনিত কারনে শূন্য হওয়া সহকারী শিক্ষক পদের নিয়োগ প্রদান কার্যক্রম। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ১১ | [১.১১] ঝরে পড়া রোধে সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষা ভাতা ও বৃত্তি প্রদান (রস্ক)। | [১.১১.১] উপকার ভোগী শিক্ষার্থী | সুবিধা বঞ্চিত এবং ঝড়ে পরা শিক্ষার্থীদের বিদ্যালয়মুখী করার জন্য শিক্ষা সহায়তা প্রদান। | প্রকল্প পরিচালক, রস্ক প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রকল্প পরিচালকের কার্যালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| ১২ | [২.১] ৫ম শ্রেণির সমাপনী পরীক্ষা গ্রহণ। | [২.১.১] উত্তীর্ণ শিক্ষার্থী | প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়ন এবং শিক্ষার্থীদের শিক্ষার মানে সমতা আনয়নের উদ্দেশ্যে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা (PECE) প্রবর্তন। প্রতিবছর নভেম্বরের শেষের দিকে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ১৩ | [২.২] প্রাথমিক শিক্ষা সমাপণী পরীক্ষায় যোগ্যতাভিত্তিক প্রশ্নের প্রবর্তন | [২.২.১] যোগ্যতাভিত্তিক প্রশ্নের হার | প্রাথমিক শিক্ষা সমাপনী পরিক্ষায় যোগ্যতা ভিত্তিক প্রশ্নপত্র প্রণয়ন এবং ২০১৮ সালের মধ্যে ১০০% যোগ্যতা ভিত্তিক প্রশ্নপত্র প্রণয়ন | জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমীর সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ১৪ | [২.৩] শিক্ষকদের সি-ইন-এড এবং ডিপইনএড প্রশিক্ষণ প্রদান। | [২.৩.১] প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক | প্রতিটি পিটিআই এ ২০০ জন হিসাবে ৫৫ টি পিটিআই এ মোট ১১০০০ শিক্ষককে সি-ইন-এড/ডিপ-ইন-এড ১২/১৮ মাস মেয়াদী প্রশিক্ষন প্রদান | পিটিআইয়ের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ১৫ | [২.৪] প্রাথমিক শিক্ষায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তিভিত্তিক শিক্ষা ব্যবস্থা প্রচলন। | [২.৪.১] ক্রয়কৃত আইসিটি যন্ত্রপাতির সেট | প্রাথমিক শিক্ষায় আইসিটি বিষয়ক জ্ঞানের অন্তর্ভুক্তিকরণের লক্ষ্যে পর্যায়ভিত্তিক ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর ক্রয় ও বিতরণ। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ১৬ | [২.৫] প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়নে প্রশিক্ষণ অবকাঠামোর | [২.৫.১] নির্মিত নতুন পিটিআই | গুণগত মান সম্পন্ন শিক্ষা প্রদানের লক্ষ্যে প্রাথমিক শিক্ষকদের এক বছর মেয়াদী সি-ইন-এড এবং দেড় বছর মেয়াদী ডিপ-ইন-এড প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে প্রত্যেকটি | প্রকল্প পরিচালক, ১২ পিটিআই নির্মাণ প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রকল্প পরিচালকের কার্যালয়ের বার্ষিক প্রতিবেদন | |

| ক্র: নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | উন্নয়ন। | | জেলা সদরে পিটিআই স্থাপন | | | |
| ১৭ | [৩.১] স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান বাস্তবায়ন (SLIP) | [২.১.১] স্লিপ ফান্ড প্রাপ্ত বিদ্যালয় | প্রতিবছর বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য প্রতিটি বিদ্যালয়কে স্লিপ ফান্ডের মাধ্যমে ৩০ হাজার টাকা প্রদান। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ১৮ | [৩.২] প্রধান শিক্ষকদের লীডারশীপ প্রশিক্ষণ প্রদান | [৩.২.১] প্রশিক্ষণ প্রাপ্ত প্রধান শিক্ষক | নেতৃত্ব বিকাশের জন্য সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ১৯ | [৩.৩] উপজেলা ভিত্তিক ই-মনিটরিং সিস্টেম চালুকরণ | [৩.৩.১] চালুকৃত উপজেলা | প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনার মান উন্নয়নের জন্য উপজেলা ভিত্তিক ইলেকট্রনিক পর্যবেক্ষন কার্যক্রম জোরদার করা | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সফটওয়ার প্রতিবেদন | |

## **সংযোজনী ৩ :** অন্য মন্ত্রণালয়/বিভাগের নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| অধিদপ্তর | এলজিইডি | [১.১.১] নির্মিত শ্রেণিকক্ষ<br>[১.১০.১] নতুন স্থাপিত প্রাথমিক বিদ্যালয়<br>[২.২.১] নির্মিত নতুন পিটিআই | নির্ধারিত সময়ে টেন্ডার আহবান ও নির্মাণ কাজ পর্যবেক্ষণ | মাঠ পর্যায় থেকে প্রাপ্ত তালিকা মন্ত্রণালয় অনুমোদন করা হয়। নির্মাণ সংক্রান্ত সকল কাজ (টেন্ডার আহবান হতে বিল প্রদান) এলজিইডি কর্তৃক করা হয়। | সম্পূর্ণ | শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম জোরদার, বিদ্যালয়ে পাঠদান পরিবেশ নিশ্চিতকরণ বিলম্বিত হবে। |
| অধিদপ্তর | ডিপিএইচই | [১.২.১] স্থাপিত নলকূপ<br>[১.৩.১]নির্মিত ওয়াশব্লক | নির্ধারিত সময়ে টেন্ডার আহবান ও নির্মাণ কাজ পর্যবেক্ষণ | মন্ত্রণালয় থেকে কেবল তালিকা অনুমোদন করা হয়। নির্মাণ সংক্রান্ত সকল কাজ (টেন্ডার আহবান, বিল প্রদানসহ) ডিপিএইচই কর্তৃক করা হয়। | সম্পূর্ণ | সুপেয় পানি ও স্যানিটেশন নিশ্চিতকরণ বিলম্বিত হবে। |
| বোর্ড | এনসিটিবি | [১.৬.১] বিতরণকৃত পাঠ্যপুস্তক | নির্ধারিত সময়ের মধ্যে পাঠ্যপুস্তক মুদ্রন ও সরবরাহ। | বই মুদ্রণের জন্য টেন্ডার থেকে আহবান, বিল প্রদান ইত্যাদি কাজ এনসিটিবি কর্তৃক করা হয়। | সম্পূর্ণ | নির্ধারিত সময়ে পাঠ্যপুস্তক পাওয়া যাবে না। |